দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 OCT 1988
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... | ...



## মানব বিদ্যা গবেষণা কেন্দ্রে সেমিনার অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চতর মানব বিদ্যা গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত সোমবার লেকচার থিয়েটার ৪৩৪ নং সেমিনার কক্ষে কেন্দ্রের সভাপতি প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে 'মুঘল আমলে হিন্দু-মুসলমান সম্পর্ক' শীর্ষক প্রবন্ধ পাঠ করেন কোলকাতার এশিয়াটিক সোসাইটির গবেষক জনাব মোহাম্মদ শাই নূরুর রহমান। আলোচনায় অংশগ্রহণ করেন প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জমান, প্রফেসর মুহম্মদ আফসার উদ্দিন, ডঃ তাজুল ইসলাম হাশমী, ডঃ সাঈদ-উর-রহমান ও আবুল কাশেম ফজলুল হক। প্রবন্ধকার মুঘল আমলে বঙ্গদেশে হিন্দু-মুসলমানের সামাজিক সম্পর্কের নানা চিত্র তুলে ধরেন, এ সম্পর্কে কখনও বিরোধের, কখনও মিলনের, কখনও প্রভাবের, কখনও সমন্বয়ের। তার মতে, বিরোধ ছিল সাময়িক ও স্বল্পসংখ্যক, উভয় সমাজে মিলন ও সমন্বয় হয়েছে বেশী।

আলোচকগণ বলেন যে, হিন্দু-মুসলমানের সম্পর্ককে কতক উপাদান দ্বারা বিচ্ছিন্নভাবে না দেখে যদি সেগুলোকে সমকালের রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও ধর্মীয় পটভূমিতে বিশ্লেষণ করা হয় তবে ঐ সম্পর্কের প্রকৃত স্বরূপ জানা যাবে। খবর বিজ্ঞপ্তির।

## সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির দাবী

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির চেয়ারম্যান আলহাজ্ব আবদুল জলিল ও সাধারণ সম্পাদক জনাব মুঃ মতিউর রহমান এক যুক্ত বিবৃতিতে বন্যায় ক্ষতিগ্রস্ত সকল শিক্ষকদের দু'মাসের বেতনের সমপরিমাণ অর্থ সাহায্য হিসেবে দেবার জন্য সরকারের নিকট দাবী জানান।

নেতৃবৃন্দ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রাথমিক শিক্ষকদের বেতন হ্রাস কারার সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানান।